গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
প্লানিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেল
পরিসংখ্যান ভবন ,৭ম তলা
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং-৫২.০১.০০০০.১০৩.০৬.০২০.০৬ (অংশ-০২)- ১৩৪

তারিখ: ০৭/০৭/১৪২৪ ব.
২২/১০/২০১৭ খ্রি.

বিষয়: সেপ্টেম্বর, ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

তারিখ	:	২৮/০৯//২০১৭ খ্রি.
সময়	:	দুপুর ০২.৩০ টা
স্থান	:	বিবিএস এর সম্মেলন কক্ষ
সভাপতি	:	মোঃ আমীর হোসেন, মহাপরিচালক, বিবিএস
উপস্থিতি	:	পরিশিষ্ট - 'ক'

০২। সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে অত্র সেলের উপপরিচালক জনাব মোঃ আমিরুল ইসলাম বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০১)	বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।		সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।	
(০২)	অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত	সভাপতি মহোদয় বলেন, অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত আলোচনা প্রতি মাসে করার প্রয়োজন নেই। প্রতি তিন মাস অন্তর উইং সমূহের নিষ্পন্ন বিষয়াদি আলোচনার জন্য আলোচ্য সূচীতে আনা উচিত।	প্রতি তিন মাস অন্তর অনিষ্পন্ন বিষয়াদি মাসিক সমন্বয় সভার আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করতে হবে।	পরিচালক (সকল)
(০৩)	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত	সভায় উপস্থাপন করা হয় যে, আগস্ট ২০১৭ মাসের বিবিএস এর কর্মসূচির একটি অডিট আপত্তি নিষ্পন্নের আদেশ প্রাপ্তির পর বর্তমানে বিবিএস-এর অনিস্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৪৭টি। তন্মধ্যে উইংয়ের অডিট ২২, প্রকল্পের ১২টি, কর্মসূচির ০৫টি এবং উপজেলার ০৮টি। মোট ৪৭টি অনিষ্পন্ন অডিট আপত্তির মধ্যে ২২টির ব্রডশীট জবাব অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সভাপতি বলেন, অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে বিবিএস এর উপমহাপরিচালককে অবহিত করা প্রয়োজন।	অডিট আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণের পূর্বে উপ-মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করতে হবে।	পরিচালক (হিসাব) এফএ অ্যান্ড এমআইএস
(০৪)	কোর্ট মামলাসমূহ	চলমান ১টি মামলার লিভ টু আপিলের জন্য 2nd Judgement এর সম্পূর্ণ কাগজপত্র হাইকোর্ট থেকে উত্তোলনপূর্বক সলিসিটর কর্তৃক নিয়োগকৃত এ্যাড: অন রেকর্ড (A.O.R) নিকট জমা দেয়া হয়েছে। মামলা সংক্রান্ত অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। সভাপতি বলেন চলমান মামলার একটি পরিসংখ্যান সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।	উইং এর সমন্বয় সভায় মামলার সংখ্যা, নিষ্পন্ন মামলার সংখ্যা এবং কতগুলো মামলার জবাব প্রদান করা হয়েছে তার একটি হিসাব উপস্থাপন করতে হবে।	যুগ্ম-পরিচালক এফএ অ্যান্ড এমআইএস ও কনটাক্ট পয়েন্ট অফিসার আইন সেল

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(০৫)	সমাপ্ত প্রকল্পের গাড়ী রাজস্ব খাতে স্থানান্তর প্রসংগে	উপপরিচালক, (সমন্বয়),এফএ অ্যান্ড এমআইএস বলেন,৫৪টি গাড়ীর ডিপিপি'র কপি সংশোধন পূর্বক পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে। যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা বলেন, ২০১১ সালের আদমশুমারি থেকে ক্রয়কৃত গাড়ীগুলো নষ্ট হয়ে যাচ্ছে। জেলা এবং বিভাগীয় পর্যায়ে গাড়ীর প্রয়োজন। এ ছাড়াও এনএইচডি প্রকল্পের কাজে নিবিড় তদারকী করার জন্য গাড়ীর প্রয়োজন। সভাপতি বলেন, সমাপ্ত প্রকল্প সমূহের গাড়ী আইনগতভাবে পাওয়া সম্ভব নয়। তিনি আরও বলেন, সমাপ্ত প্রকল্পের গাড়ী প্রকল্পের মেয়াদ শেষ হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ে চলে যায়।	এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়ে গাড়ীর ব্যবস্থা করার চেষ্টা করতে হবে।	উপপরিচালক (সমন্বয়) এফএ অ্যান্ড এমআইএস
(০৬)	উপজেলা পর্যায়ে পরিসংখ্যান কর্মকর্তার ২৬৭ টি ১ম শ্রেণির ক্যাডার পদ সৃজন	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস ২৬৭ টি ১ম শ্রেণির ক্যাডার পদ সৃজন এর প্রস্তাবে জানান, উপজেলা পর্যায়ে পদ সৃজনে ইতোমধ্যে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ হতে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।	বিবিএসের একজন কর্মকর্তাকে নির্ধারণ করতে হবে। যিনি সর্বদাই জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করবেন।	উপপরিচালক (বিনিক) এফএ এন্ড এমআইএস
(০৭)	বিবিএস এর অর্গানোগ্রাম প্রণয়ন	পরিচালক, প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল বলেন, বিবিএসের অর্গানোগ্রাম তৈরী করে গত ০৬/০৮/১৭ ইং তারিখে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হয়েছে।	বিষয়টি দ্রুত সম্পন্নের জন্য তদারকী অব্যাহত রাখতে হবে।	পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস
(০৮)	বিবিএস এর জনবল নিয়োগ	উপমহাপরিচালক, বিবিএস বলেন গত ২২/০৯/২০১৭ তারিখে দৈনিক যুগান্তর ২৩/০৯/২০১৭ তারিখে The Daily Star এবং গত ২৪/০৯/২০১৭ তারিখে দৈনিক ইত্তেফাক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। মুক্তিযোদ্ধা কোটায় ১৩ ই জুলাই প্রার্থীদের আবেদন ফরম জমা দেয়ার শেষ সময় ছিল। মোট ৩৩৪১ টি আবেদন পাওয়া গিয়েছে। সংগৃহীত আবেদনপত্র সমূহ Database এর মাধ্যমে তালিকা প্রণয়ন করা হচ্ছে। ০৩/১০/২০১৭ ইং তারিখে বিনিকের সভায় প্রণয়নকৃত প্রার্থীদের তালিকা উপস্থাপন করা হবে এবং নিয়োগ পরীক্ষার তারিখ ও স্থান নির্ধারণ করা হবে।	অচিরেই নিয়োগ পরীক্ষার তারিখ ও স্থান নির্ধারণ করতে হবে।	উপমহাপরিচালক বিবিএস
(০৯)	আউট সোর্সিং এর মাধ্যমে ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ	পরিচালক (প্রশাসন) এফএ অ্যান্ড এমআইএস বলেন, আউট সোর্সিং এর মাধ্যমে ৪র্থ শ্রেণীর জনবল নিয়োগ শুধু এককভাবে বিনিক,এফএ অ্যান্ড এমআইএস এর দায়িত্ব নয়, এ দায়িত্ব অন্যদেরও নেয়া উচিত।	প্রস্তাবিত নিয়োগ বিধি সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। অনুমোদিত হলে ব্যবস্থা নেয়া হবে।	উপমহাপরিচালক বিবিএস ও উপপরিচালক (বিনিক) এফএ অ্যান্ড এমআইএস
(১০)	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন	ন্যাশনাল একাউন্টিং উইং এর উপ-পরিচালক জনাব মো:রফিকুল ইসলাম বলেন যে, প্রকল্প দলিল এর জায়গায় 'প্রকল্প প্রস্তাবনা' হবে। সভাপতি বলেন, নিজস্ব ভবন স্থাপনের পূর্বে নিজস্ব জমি অধিগ্রহণ করা দরকার।পরিচালক, (প্রশাসন), এফএ অ্যান্ড এমআইএস বলেন, প্রকল্প প্রস্তাবনা প্রস্তুত করা গণপূর্ত ও স্থাপত্য অধিদপ্তর এর কাজ। সরকারী নীতিমালা ও স্থাপত্য অধিদপ্তরের মাধ্যমে এই কাজ করা হয়।	বিভাগ ও জেলা কার্যালয়ের নিজস্ব ভবন স্থাপন সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।	জনাব আবুল কালাম আজাদ পরিচালক ন্যাশনালএকাউন্টিং উইং

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১১)	উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭	পরিচালক (প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল) বলেন উদ্ভাবনী কর্মপরিকল্পনার একটি সভা গত ২২ শে আগস্ট অনুষ্ঠিত হয়েছে। বিভাগীয় পর্যায়ে চিঠি পাঠিয়ে মিটিং করানো হয়েছে। সভাপতি বলেন উদ্ভাবনী কর্মপরিকল্পনা ও শুদ্ধাচার কৌশল এক নয়। প্রতি তিন মাস অন্তর অন্তর শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক প্রতিবেদন প্রস্তুত করা হয়।	উদ্ভাবনী কর্মপরিকল্পনার পরবর্তী কার্যক্রম উপস্থাপন করতে হবে।	পরিচালক প্লানিং এন্ড ডেভেলপমেন্টসেল
(১২)	ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত	পরিচালক, কম্পিউটার উইং বলেন সকল নথি ই-ফাইলের মাধ্যমে উপস্থাপন করা হচ্ছে।কম্পিউটার উইংসহ সকল উইং এ ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। বিষয়টি আরও গতিশীল করার জন্য কম্পিউটার উইং হতে সকল উইংকে সহায়তা প্রদান করা হচ্ছে।	বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে ই-ফাইলিং শতভাগ করার লক্ষ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।	পরিচালক কম্পিউটার উইং
(১৩)	সার্ভার কক্ষের স্থানান্তর	পরিচালক (কম্পিউটার উইং) বলেন সার্ভার কক্ষটির নিরাপত্তা নিশ্চিত করা হয়েছে।বিবিএস এর সার্ভার কক্ষের অধিকতর ব্যবহার সুবিধাসহ ও সুনিয়ন্ত্রিত করার লক্ষ্যে বর্তমান সার্ভার কক্ষটি স্থানান্তর করে তৃতীয় তলায় বিশেষভাবে নির্মিত স্থানে নিয়ে যাওয়া হয়েছে। ঐ স্থান থেকে ইন্টারনেট নিয়ন্ত্রণ করা হচ্ছে।	সার্ভার কক্ষটির নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	ঐ
(১৪)	ইন্টারনেট ব্যবস্থা, জিও কোড, ওয়েব পোর্টাল সংক্রান্ত	ইন্টারনেট ব্যবস্থার চলমান সমস্যার সমাধান করা হয়েছে।ইন্টারনেট ব্যবস্থা বর্তমানে একটু মন্থরগতি আছে। সার্ভার রুম নতুন স্থানান্তর হওয়ার পর সমস্যা কেটে যাওয়ার পর গতি আরও বৃদ্ধি পাবে।জিও কোড সরবরাহের বর্তমান উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে।এনএইচডি প্রকল্পের ২য় জোনাল অপারেশনের জন্য ঢাকা, চট্টগ্রাম এবং ময়মনসিংহ বিভাগের ১টি জেলার জিও কোড হালনাগাদ করে সরবরাহ করা হয়েছে।ওয়েবপোর্টালে সকল হালনাগাদ বিজ্ঞপ্তি, নোটিশ আপলোড করা হচ্ছে।তথ্য প্রাপ্তি সাপেক্ষে ওয়েব পোর্টাল হালনাগাদ করা হচ্ছে।	ইন্টারনেটের গতি বৃদ্ধি করতে হবে এবং ওয়েব পোর্টাল হালনাগাদ করতে হবে।	ঐ
(১৫)	(ক) পরিসংখ্যান পকেট বুক ২০১৬ প্রকাশ। (খ) পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৫ প্রকাশ। (গ) মাসিক পরিসংখ্যান বুলেটিন প্রকাশ।	১। পরিসংখ্যান পকেট বুক ২০১৬ সংখ্যা প্রকাশিত হয়েছে। ২। পরিসংখ্যান বর্ষগ্রন্থ ২০১৬ সংখ্যার তথ্য সংগ্রহ প্রতিবেদন যাচাই-বাছাই শেষ, SID এর অনুমোদন হয়েছে এবং আর.ডি.পি শাখায় প্রেরণ করা হয়েছে। ৩। মাসিক পরিসংখ্যান বুলেটিন April/17 প্রকাশের জন্য আর.ডি.পি শাখায় প্রেরণ করা হয়েছে।	আরডিপি শাখা হতে দ্রুত বইগুলো প্রকাশ করতে হবে।	পরিচালক ন্যাশনাল একাউনিটিং উইং

নাজনীন

নাজনীন সুলতানা খান
সহকারী পরিসংখ্যান কর্মকর্তা

মোঃ আমিরুল ইসলাম
উপ-পরিচালক

পরিচালক
প্লানিং এন্ড ডেভেলপমেন্ট সেল

ক্র: নং	আলোচ্যসূচী	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
(১৬)	বিবিধ (ক) বিবিএস এর সৌন্দর্য বর্ধন	সৌন্দর্য বর্ধনের কার্যক্রম চলছে।	বিভাগীয় কর্মকর্তাদের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।	পরিচালক (প্রশাসন) অনুমোদন গ্রহণ এফএ এন্ড এমআইএস
	(খ) বিদ্যুতের পরিমিত ব্যবহার সংক্রান্ত	সভাপতি বলেন বিদ্যুৎ ব্যবহারের বিষয়ে প্রত্যেককেই সচেতন হতে হবে। অপরিকল্পিতভাবে এসি এবং ইলেকট্রনিক সরঞ্জামের ব্যবহার করা যাবে না।	পরিকল্পিতভাবে এসি এবং ইলেকট্রনিক সরঞ্জামের ব্যবহার যথাযথ কর্তৃপক্ষের সাপেক্ষে ব্যবহার নিশ্চিত করতে হবে।	
(১৭)	বিভগীয় পরিসংখ্যান কার্যালয় সংক্রান্ত	যুগ্মপরিচালক,সিলেট বলেন, ২৮৭টি পদের মধ্যে ২০৭ টি পদ শূণ্য আছে। নতুন উপজেলা ওসমানীনগরে উপজেলা অফিস এখনও চালু হয়নি। বিয়ানীবাজারে উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার পদ শূণ্য আছে।অচিরেই সেখানে কর্মকর্তা পদায়ন করা প্রয়োজন।চট্টগ্রামের যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত) বলেন, ৩টি নতুন উপজেলা অফিস এখনও চালু হয়নি। ইন্টারনেট বিভাজনে বাজেট দেয়া হয়নি। গত উন্নয়ন মেলার বাজেট দেয়া হয়নি।বরিশালের যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত) বলেন, বেশ কয়েকটি উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার পদ শূণ্য আছে। টি.এ বিল বরাদ্দ যদি বিভাগীয় কার্যালয়ে দেয়া হয় তবে সুষ্টু বিতরণ সম্ভব। ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। রংপুরের যুগ্মপরিচালক (ভারপ্রাপ্ত) বলেন, রংপুর বিভাগের আওতাধীন জেলা ও উপজেলাগুলোতে টেলিফোন প্রয়োজন। নতুন যাদের নিয়োগ দেয়া হয়েছে তাদের প্রশিক্ষণ প্রয়োজন।	এখন পর্যন্ত কোনও সিদ্ধান্ত গ্রহণ করা হয়নি।	উপমহাপরিচালক বিবিএস ও পরিচালক (প্রশাসন) এফএ এন্ড এমআইএস

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করে।

মোঃ আমীর হোসেন
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
ফোন: ৯১১২৫৮৯
e-mail:dg@bbs.gov.bd